৩২

দৈনিক ইনকিলাব

তারিখ ... JAN 10 1999 ...
পৃষ্ঠা: ৪ কলাম ... ৩ ...

# দুবাইয়ে প্রস্তাবিত আরব উন্মুক্ত বিশ্ববিদ্যালয় স্থাপন করা হবে

খালিজ টাইমস ঃ দুবাইয়ে প্রস্তাবিত আরব উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের প্রধান ক্যাম্পাস স্থাপিত হবে। সম্প্রতি রিয়াদে অনুষ্ঠিত বিশ্ববিদ্যালয়ের পরিচালকমণ্ডলীর এক বৈঠকে এই সিদ্ধান্ত নেয়া হয়। বৈরুত, কায়রো, ওমান ও লন্ডনে এই বিশ্ববিদ্যালয়ের শাখা স্থাপন করা হবে।

যুবরাজ আবদুল আজীজ বিন তালালের পৃষ্ঠপোষকতায় এই বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে এ ধরনের বিশ্ববিদ্যালয় গঠনের আনুষঙ্গিক বিষয়াদি নিয়ে আলোচনা করা হয়। বৈঠকে এই প্রকল্পের আইনগত, শিক্ষাগত ও প্রশাসনিক দিকের ওপর আলোচনা করা হয়। উচ্চশিক্ষা সংক্রান্ত আরব বেসরকারী প্রতিষ্ঠানের সভাপতি ও আজমান বিজ্ঞান ও কারিগরি বিশ্ববিদ্যালয়ের সভাপিত ডঃ সাইদ আবদুল্লাহ্ সালমান বৈঠকে সভাপতিত্ব করেন। আজমান বিজ্ঞান ও কারিগরি বিশ্ববিদ্যালয়ের সহ-সভাপতি ডঃ বশীর শোদাদাহ কর্তৃক জারীকৃত এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ কথা বলা হয়। বৈঠকে বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধি দলের সদস্য ডঃ সাইদ সালমান আরব উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের কৌশলগত দিক ব্যাখ্যা করেন। তিনি বলেন, এই বিশ্ববিদ্যালয় ভবিষ্যৎ প্রয়োজন পূরণ এবং শিক্ষাদানের ব্যাপারে আধুনিক প্রযুক্তি প্রয়োগ করবে। আরব উন্মুক্ত বিশ্ববিদ্যালয় বৃটিশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় ও আরব বিশ্বের অন্যান্য উচ্চশিক্ষা প্রতিষ্ঠানের সাথে একটি শিক্ষামূলক চুক্তি স্বাক্ষর করবে।